৯৯.২ এফএম রেডিও পল্লীকণ্ঠ

brac ব্র্যাক সামাজিক ক্ষমতায়ন কর্মসূচির একটি উদ্যোগ

মাসিক পল্লীকণ্ঠ বার্তা

জানুয়ারি ২০১৪, শনিবার, ২য় বর্ষ, সংখ্যা ০৫, মাঘ ১৪২০, রবিউল আউয়াল ১৪৩৪ ॥

১০ ঘণ্টা সম্প্রচারে রেডিও পল্লীকণ্ঠ

মৌলভীবাজারের স্থানীয় জনগোষ্ঠীর কল্যাণের জন্য নিবেদিত সেবামূলক প্রতিষ্ঠান রেডিও পল্লীকণ্ঠের পরীক্ষামূলক অগ্রযাত্রা শুরু হয় ২০১১ সালের ২৫শে অক্টোবর থেকে। পরবর্তীতে ১২ জানুয়ারি ২০১২ থেকে ৪ ঘন্টা সম্প্রচারের মাধ্যমে রেডিও পল্লীকণ্ঠ শুরু করে তার আনুষ্ঠানিক সম্প্রচার। তথ্য ও জ্ঞান প্রাপ্তিতে শহর আর গ্রামের মধ্যে দূরত্ব কমাতে, স্থানীয় জনগোষ্ঠীর তথ্য অধিকার নিশ্চিতকরণ, মানবাধিকার ও জেন্ডার সমতা বাস্তবায়ন এবং কথা বলার স্বাধীনতা দানে বিশেষ করে নারী ও শিশুদের গণমাধ্যম হিসেবে বিভিন্ন অনুষ্ঠান সম্প্রচারের মাধ্যমে রেডিও পল্লীকণ্ঠ গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছে। রেডিও পল্লীকণ্ঠ পরবর্তীতে সম্প্রচার কার্যক্রম পর্যায়ক্রমে ২ ঘন্টা করে বৃদ্ধি করে ২০১৩ সালের মধ্যেই ৮ ঘন্টায় নিয়ে আসে। কমিউনিটি রেডিও 'রেডিও পল্লীকণ্ঠ'র অনুষ্ঠান তৈরি, পরিকল্পনা, ব্যবস্থাপনা সহ বিভিন্ন পর্যায়ে স্থানীয় জনগোষ্ঠীর সকল স্তরের লোকজনের অংশগ্রহণের সুযোগ সৃষ্টি করেছে। আমরা আনন্দের সাথে জানাচ্ছি যে, কমিউনিটির সকল মানুষের প্রত্যাশা ও চাহিদার উপর ভিত্তি করে রেডিও পল্লীকণ্ঠ ৯৯.২ এফ এম মৌলভীবাজার পহেলা জানুয়ারি ২০১৪ থেকে প্রতিদিন ১০ ঘন্টা সম্প্রচার কার্যক্রম শুরু করেছে। আমরা মনে করি এই সম্প্রচার কার্যক্রম বৃদ্ধির মাধ্যমে কমিউনিটির মানুষের উন্নয়ন, সেবা ও কল্যাণে কমিউনিটি রেডিও 'রেডিও পল্লীকণ্ঠ' আরো বেশি ভূমিকা রাখতে পারবে। রেডিও পল্লীকণ্ঠ'র অধিবেশন চলছে প্রতিদিন সকাল ৯ টা থেকে সন্ধ্যা ৭ টা পর্যন্ত। সম্প্রচার কার্যক্রমে সকলের সহযোগীতার জন্য আন্তরিক ধন্যবাদ জ্ঞাপন করছি।

পল্লীকণ্ঠ'র জন্মদিনে কেক দিলেন শ্রোতা

রেডিও পল্লীকণ্ঠ'র জন্মদিনে কেক কাটছেন সবাই

গত ১২ জানুয়ারি ২০১৪ রবিবার ছিল রেডিও পল্লীকণ্ঠ'র দ্বিতীয় জন্মদিন। কমিউনিটির একজন নারী শ্রোতা ফাতেমা জহুরা বিউটি যিনি পল্লীকণ্ঠ'র জন্মদিনটির কথা মনে রেখেছেন। তিনি পেশায় শিক্ষক। ১২ জানুয়ারি সকাল নয়টার দিকে তিনি নিজের বাসায় কেক তৈরি করে রেডিও পল্লীকণ্ঠে পাঠিয়েছেন। কেকের উপর লেখা ছিল Happy Birthday Pollikontho, Wish your goodluck, রেডিও পল্লীকণ্ঠ'র কর্মীদের তিনি বলেন আপনারা সবাই মিলে এই কেক কাটবেন। এটা পল্লীকণ্ঠ'র প্রতি আমার ভালোবাসার উপহার। পরের দিন মো. অজিজুর রহমান, প্রোগ্রাম ম্যানেজার, ব্র্যাক সামাজিক ক্ষমতায়ন কর্মসূচি ও ইনচার্জ কমিউনিটি রেডিও এবং পলাশ কুমার ঘোষ, ম্যানেজার, আইবি 'রেডিও পল্লীকণ্ঠে' আসবেন শুনে ফাতেমা জহুরা বিউটি ও তাঁর বান্ধবী আসমা বেগম দু'জনে আরেকটা কেক তৈরি করে নিয়ে আসেন। সাথে ছিল মিষ্টি ও বিন্নী চালের পোলাও। এক পর্যায়ে সবাই মিলে কেক কাটা হলো। ফাতেমা জহুরা বিউটি তার অনুভূতি ব্যক্ত করতে গিয়ে বলেন, রেডিও পল্লীকণ্ঠ কমিউনিটির মানুষের জন্য কাজ করছে। আমি রেডিও পল্লীকণ্ঠ'র সাথে জড়িত থাকতে পেরে গর্ববোধ করছি। তারপর আসমা বেগম তার অতীত জীবনের কিছু স্মৃতি তুলে ধরেন। যেখানে রয়েছে সফলতার অন্তরালে সংগ্রামের কথা। আসমা বেগম বলেন আমি রেডিও পল্লীকণ্ঠ'র ইংরেজি শিক্ষার অনুষ্ঠান 'চল খেলতে খেলতে শিখি'তে প্রশিক্ষক হিসাবে আছি। যার জন্য আমিও গর্বিত। তারা রেডিও পল্লীকণ্ঠ'র সার্বিক সাফল্য কামনা করেন।

পল্লীকণ্ঠ'র স্টুডিওতে কণ্ঠশিল্পী অসিতের সাথে কথা বলছেন মিঠু

নতুন বছর নিয়ে পল্লীকণ্ঠ'র অনুষ্ঠান 'ফেলে আসা দিনগুলি'

নতুন বছরের প্রথম দিনে পল্লীকণ্ঠের সকল শ্রোতাকে আনন্দ দেয়ার জন্য পহেলা জানুয়ারি ২০১৪ তারিখে 'ফেলে আসা দিনগুলি' শিরোনামে এক বিশেষ অনুষ্ঠান তৈরি করা হয়। অনুষ্ঠানের গ্রন্থনা, উপস্থাপনা ও প্রযোজনায় ছিলেন মো. কামরুজ্জামান মিঠু। অনুষ্ঠানের অথিতি ছিলেন এই প্রজন্মের জনপ্রিয় কণ্ঠশিল্পী ও মৌলভীবাজারের পরিচিত মুখ অসিত সূত্রধর। অসিত তার অনেক মজার স্মৃতি তুলে ধরেন। পাশাপাশি পরিবেশন করেন বিভিন্ন সময়ের জনপ্রিয় শিল্পীর কিছু জনপ্রিয় গান। আড্ডা ও গানের মিশ্রনে একটা অসাধারন পরিবেশ সৃষ্টি হয় অনুষ্ঠানে। অসিত বলেন সাধারণ মানুষের কণ্ঠস্বরে পরিনত হয়েছে রেডিও পল্লীকণ্ঠ। বিভিন্ন ধরনের অনুষ্ঠান তৈরি করে আনন্দ দেয়ার পাশাপাশি তথ্য ও জনসচেতনামূলক কাজ করে যাচ্ছে পল্লীকণ্ঠ। যা আসলেই আমাদের মৌলভীবাজার জেলার জন্য ইতিবাচক দিক। পরিশেষে তিনি বলেন, পল্লীকণ্ঠে এসে গান পরিবেশন করে এবং শ্রোতাদের সাথে আড্ডা দিতে পেরে আমি অনেক আনন্দিত।

আমরা কিশোর আমরা তরুন- আমরাই দেশের ভবিষ্যত

শিশু কিশোর, তরুনদের হাত ধরেই এগিয়ে যাবে আমাদের দেশ উন্নতির শিখড়ে। তাই তাদের সমস্যা, সফলতা প্রতিভাসহ অন্যান্য দিক তুলে ধরতে তানিয়ার গ্রন্থনা,উপস্থাপনা ও প্রযোজনায় রেডিও পল্লীকণ্ঠ ৯৯.২ এফ এম প্রচার করছে শিশু-কিশোর ও তরুনদের নিয়ে ম্যাগাজিন অনুষ্ঠান 'সোনালী কৈশোর'। এরই ধারাবাহিকতায় অনুষ্ঠানটির মাধ্যমে উঠে এসেছে আমাদের শিশু-কিশোর ও তরুনদের নানা সমস্যা, সমাধান, চাওয়া-পাওয়া, প্রতিভা ও জীবনের লক্ষ্যসহ নানা দিক। এ মাসে সম্প্রচারিত হয় কম্পিউটার প্রশিক্ষনার্থীদের উপর বিশেষ পর্ব। কথা হয় যুব উন্নয়নে প্রশিক্ষনরত কিছু প্রশিক্ষনার্থীর সাথে। তাদের কাছ থেকে জানা যায় কম্পিউটার প্রশিক্ষণ থাকলে আত্মকর্মসংস্থান খুব সহজেই করা যায় এবং খুবই গুরুত্বপূর্ণ এ প্রশিক্ষণ। কারন বর্তমান যুগে কম্পিউটার ছাড়া কোন ক্ষেত্রে অগ্রসর হওয়া যায়না। এছাড়াও আমরা কথা বলেছিলাম যুব উন্নয়ন অধিদপ্তর এর কম্পিউটার প্রশিক্ষক জনাব বেলায়েত হোসেন এবং মো. হাসানুজ্জামান এর সাথে। তারা এই প্রশিক্ষণের ভর্তি থেকে শুরু করে প্রশিক্ষনের বিভিন্ন গুরুত্বপূর্ণ দিক সম্পর্কে তুলে ধরেন। অনুষ্ঠানের এই পর্বটি সম্প্রচার হওয়ার পর রেডিও পল্লীকণ্ঠ'র শ্রোতাদের কাছ থেকেও ব্যাপক সাড়া পাওয়া যায়। অনেকেই প্রশংসা করেন এই উদ্যোগের জন্য। যারা এই প্রশিক্ষণ গ্রহনে ইচ্ছুক তারা ভর্তি পদ্ধতি সম্পর্কে জানতে পেরে ধন্যবাদ জানান। সোনালী কৈশোর অনুষ্ঠানটির মাধ্যমে এভাবেই সমাজের শিশু-কিশোর ও তরুনদের কণ্ঠস্বর সবার কাছে পৌছে দেয়াই রেডিও পল্লীকণ্ঠের প্রত্যাশা, । জনপ্রিয় এই অনুষ্ঠানটি প্রচারিত হয় প্রতি শনি ও সোমবার সকাল ১১.৫০ মিনিটে এবং বুধবার দুপুর ২.১০ মিনিটে।

৯৯.২ এফএম রেডিও পল্লীকণ্ঠ

brac ব্র্যাক সামাজিক ক্ষমতায়ন কর্মসূচির একটি উদ্যোগ

পল্লীকণ্ঠ বার্তা

গ্রামীন গীতিকবি ও শখের বাউল শাহদত আলী

গ্রামীন গীতিকবি শাহদত আলী রেডিও পল্লীকণ্ঠ'র জন্য গান লেখছেন

গ্রামীন গীতিকবি শাহদত আলী মৌলভীবাজার সদর উপজেলার শ্যামেরকোনা গ্রামের সল্পশিক্ষিত এক সাধারন মানুষ। তবে তার বাউল গানের লেখনীশক্তি অসাধারন। শাহদত আলী ভক্তিমূলক, ভাবগীত, নবীতত্ব, মারফতি, প্রেম-বিরহ সহ বিভিন্ন শাখায় দুই হাজারেরও বেশি গান রচনা করেছেন। তিনি সিলেটি ভাষায় গান গাহিতে ও লিখতে ভালবাসেন। তাকে নিয়ে উপস্থাপক বিপ্লব রেডিও পল্লীকণ্ঠ ৯৯.২ এফএম-এর জনপ্রিয় বাউল গানের অনুষ্ঠান 'আরশিনগর'-এর চারটি পর্ব তৈরি করেছেন এবং শাহদত আলী আরশিনগর অনুষ্ঠানের মাধ্যমে অনেক জনপ্রিয়তা লাভ করেছেন। তার জনপ্রিয়তা বুঝা যায় প্রতিটি অনুষ্ঠান প্রচারের পরপরই শ্রোতাদের অসংখ্য এসএমএস দেখে। এক এসএমএস এ বেসিক ব্যাংক এর কর্মকর্তা আব্দুল মতিন, শাহদত আলীর গান শুনে তাকে মৌলভীবাজারের শাহ আব্দুল করিম বলে আখ্যায়িত করেন। গ্রামীণ গীতিকবি শাহদত আলী অত্র এলাকায় এখন বাউল গানের জন্য খুব পরিচিত এক মুখ। তার এ সুখ্যাতির ফলসরূপ স্থানীয় পত্রিকা সাপ্তাহিক পাতাকুঁড়ির দেশ তাকে নিয়ে একটি প্রতিবেদন প্রকাশ করে। রেডিও পল্লীকণ্ঠকে ভালবেসে তিনি সিলেটি ভাষায় গেয়েছেন-

নাইনটি নাইন পয়েন্ট টু দিয়া রেডিও বাজাইও

জগী জাইগাবরে হুনাইও

নাইনটি নাইন পয়েন্ট টু দিয়া মোবাইলে বাজাইও...

সফল ব্যাক্তিদের নিয়ে রেডিও পল্লীকণ্ঠ'র আয়োজন

মানুষ সামাজিক জীব। সমাজবদ্ধভাবেই আমাদের বাস। আমাদের সমাজে এমন অনেক ব্যক্তি আছেন যারা মানুষের কল্যাণে কাজ করেন। মানুষের কল্যাণে নিবেদিত ব্যক্তির জীবন তুলে ধরতে রেডিও পল্লীকণ্ঠ'র অনুষ্ঠান 'মাটির প্রদীপ'। জেবিনের গ্রন্থনা, উপস্থাপনা ও প্রযোজনায় অনুষ্ঠানটি প্রচরিত হয় প্রতি সোমবার বিকাল ৫.৩০ মিনিটে এবং পুণঃপ্রচারিত হয় প্রতি রবিবার ২.১০ মিনিটে। গত ২৭ জানুয়ারি ২০১৪ তারিখে এই অনুষ্ঠানে উপস্থিত ছিলেন মৌলভীবাজারের গর্ব, গুণী এবং প্রতিভাবান ব্যক্তি আ.স.ম. সালেহ সোহেল। তিনি অনেক দিন যাবত সাংস্কৃতিক অঙ্গন সহ অনেক সচেতনতামূলক কাজের সাথে জড়িয়ে আছেন এবং নারীদের অধিকার আদায়ে 'আমরাই পারি' নামক সংগঠন নিয়ে কাজ করে যাচ্ছেন। তিনি একাধারে একজন নাট্য এবং চলচ্চিত্র অভিনেতা। পেয়েছেন জেলা শিল্পকলা একাডেমী সম্মাননা। রেডিও পল্লীকণ্ঠ'র অনুষ্ঠান 'মাটির প্রদীপ'-এ তিনি নিজের কাজ সম্পর্কে বলেন এবং মানুষের কল্যাণে কাজ করে যাওয়া প্রত্যাশা ব্যক্ত করেন। আ.স.ম. সালেহ সোহেল বলেন রেডিও পল্লীকণ্ঠ'র এই ধরনের অনুষ্ঠান আমার কাজের গতি এবং মানুষের কল্যাণে কাজ করার অনুপ্রেরণা আরো বাড়িয়ে দিয়েছে। এই অনুষ্ঠানে আমন্ত্রন জানানোর জন্য তিনি পল্লীকণ্ঠকে ধন্যবাদ জ্ঞাপন করেন।

রান্না বিষয়ক অনুষ্ঠান 'আমরার উন্দাল'

পল্লীকণ্ঠের উপস্থাপিকা রুজিনার সাথে কথা বলছেন ফাতেমা জহুরা বিউটি

রেডিও পল্লীকণ্ঠ ৯৯.২ এফ এম মৌলভীবাজার-এ প্রতি শনিবার সম্প্রচারিত হচ্ছে রান্না বিষয়ক অনুষ্ঠান 'আমরার উন্দাল'। অনুষ্ঠান গ্রন্থনা, উপস্থাপনা ও প্রযোজনায় রুজিনা। অনুষ্ঠানে অংশগ্রহণ করেন স্থানীয় নারীরা। মৌলভীবাজারের স্থানীয় রান্নাকে এবং বিভিন্ন খাবার তৈরির পদ্ধতিকে প্রাধান্য দেয়ার পাশাপাশি দেশি-বিদেশী বিভিন্ন খাবার সম্পর্কে তুলে ধরা হচ্ছে এ অনুষ্ঠানে। জগন্নাথপুর সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষিকা ফাতেমা জহুরা যিনি রান্না বিষয়ক অনুষ্ঠান আমরার উন্দালে কয়েকটি পর্বে রুজিনার সাথে অংশগ্রহণের মাধ্যমে তুলে ধরেছেন কয়েকটি খাবার তৈরির পদ্ধতি। এর মধ্যে উল্লেখযোগ্য ডিমের পুর দিয়ে শাকপাতার বড়া ও টমেটোর সস তৈরি। এছাড়াও বিভিন্ন কলেজের শিক্ষার্থীরাও এ অনুষ্ঠানে অংশগ্রহন করেন। খাবার তৈরির পদ্ধতির পাশাপাশি এ অনুষ্ঠানে রান্না বিষয়ক টিপসও তুলে ধরা হয়। ফাতেমা জহুরা বিউটি ইতিমধ্যে রূপচাঁদা এডিবয়েল লি. এর পক্ষ থেকে সেরা রাধুনী হওয়ার গৌরব অর্জন করেছেন। রেডিও পল্লীকণ্ঠ'র রান্না বিষয়ক অনুষ্ঠানে তার মত প্রতিভাবান মানুষকে পাশে পেয়ে আমরা আনন্দিত ও গর্বিত।

পল্লীসমাজের রেডিও পল্লীকণ্ঠ

রেডিও শুনছেন পল্লীসমাজের সদস্যরা

মনু নদীর তীর ঘেষে ছোট্ট একটি গ্রাম মাতারকাপন। নদীর জলকে নির্দিষ্ট গতিপথে প্রবাহিত করতে মজবুত করে দু'পাশ দিয়ে দেয়া হয়েছে দুটি বাঁধ। বাঁধের উপর সারি সারি গাছ দেখে মনে হয় যেন প্রাকৃতিক সৌন্দর্যের এক মিলন মেলা। প্রকৃতির স্বর্গরাজ্য এই বাঁধের সাথেই ছোট্ট একটা বাড়ী। দৈনন্দিন কাজের ধারাবাহিকতায় যাচ্ছিলাম সেই পথ দিয়ে। হঠাৎ কানে ভেসে এল 'মলিবাজার বসত করি মনু নদীর কিনারে' এই গানের সুর। এগিয়ে গেলাম বাড়ীর দিকে। দেখি মধ্যবয়সী একজন মহিলা পাশে একটি রেডিও চালিয়ে গান শুনছেন। আর বালতির ভিতরে পরিষ্কার করে ধুয়ে নিচ্ছেন কাপড়। আমাকে দেখেই হাসি মুখে তাকিয়ে বললেন ভাই আপনি! বললাম এই পথ দিয়ে যাচ্ছিলাম গান শুনে দাঁড়ালাম। জিজ্ঞেস করলাম আপনি কি শুনছেন? বললেন রেডিও পল্লীকণ্ঠ ৯৯.২ 'ইটা আমরার রেডিও'। পল্লীসমাজের সভাপ্রধান জায়ানারা আপা বললেন *"ইটা আমরার পল্লীসমাজের পল্লীকণ্ঠ রেডিও। 'ইটা আমরার কথা কয়, ইটা থাকি আমরা সব ধরনর সমস্যা ও সমাধানর কথা আর বউত খোঁজ খবর পাই"*।

ইংরেজি নববর্ষের বিশেষ অনুষ্ঠান

রেডিও পল্লীকণ্ঠ ৯৯.২ এফ এম মৌলভীবাজার এর আয়োজনে ইংরেজি নববর্ষ উপলক্ষে এক বিশেষ সঙ্গীতানুষ্ঠান প্রচার করা হয়। দুপুর ১২.১৫ মিনিট থেকে ০১.০০ টা পর্যন্ত চলে এই সঙ্গীতানুষ্ঠান ও আড্ডা। বিপ্লবের গ্রন্থনা উপস্থাপনা ও প্রযোজনায় প্রচারিত এ অনুষ্ঠানে অংশগ্রহণ করেন মৌলভীবাজারের জনপ্রিয় শিল্পি প্রিতম পিন্টু ও রূপকথা'র মিউজিশিয়ানরা। কথা আড্ডার ফাঁকে ফাঁকে প্রিতম জনপ্রিয় কিছু গান পরিবেশন করেন। পাশাপাশি শ্রোতারা তাদের প্রিয় শিল্পীর কাছে এসএমএস-এর মাধ্যমে গানের অনুরোধ করেন।

রেডিও পল্লীকণ্ঠ'র অনুষ্ঠান সম্পর্কে যেকোনো মতামত বা পরামর্শ থাকলে জানাতে পারেন

রেডিও পল্লীকণ্ঠ, ৯৯.২ এফ এম
মাতারকাপন, শমসেরনগর সড়ক,
মৌলভীবাজার
মোবাইল : +৮৮ ০৮৬১ ৬৩৭৬০
email : pollikontho@gmail.com
facebook.com/radiopollikontho

সম্পাদক : মো. মেহেদী হাসান, **সম্পাদনা সহযোগী** : মো. কামরুজ্জামান, **সার্বিক তত্ত্বাবধানে** : মো. আজিজুর রহমান, প্রোগ্রাম ম্যানেজার, (সিইপি) ব্র্যাক, **প্রকাশনা ও মুদ্রণ** : রেডিও পল্লীকণ্ঠ ৯৯.২ এফ এম মাতারকাপন, শমসেরনগর সড়ক মৌলভীবাজার। **ফোন** : +৮৮ ০৮৬১ ৬৩৭৬০, **মোবাইল** : ০১৭১১ ৯৮৫ ৫১০, ০১৭১৪ ৪৮৪ ৫১৮, **email** : pollikontho@gmail.com